

জরুরি স্বাস্থ্য সেবা চালু করলো বিমান

- A Monitor Desk Report

Date: 29 March, 2025



ঢাকাঃ কর্মীদের জরুরি চিকিৎসা দেওয়ার লক্ষ্যে বলাকা ভবনে জরুরি স্বাস্থ্য সেবা কেন্দ্র চালু করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। এ স্বাস্থ্য সেবা কেন্দ্র থেকে বিমানের কর্মকর্তা ও কর্মচারীরা প্রাথমিক চিকিৎসা নিতে পারবেন।

বৃহস্পতিবার (২৭ মার্চ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রধান কার্যালয় বলাকা ভবনে জরুরি স্বাস্থ্য সেবা কেন্দ্র চালু করা হয়।

বিমানের মহাব্যবস্থাপক (জনসংযোগ) বোসরা ইসলাম এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, বৃহস্পতিবার সকালে বিমান পরিচালনা পর্ষদের চেয়ারম্যান আব্দুল-মুয়ীদ চৌধুরী এই জরুরি স্বাস্থ্য সেবা কেন্দ্র আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের উর্ধ্বতন কর্মকর্তারাসহ সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

জরুরি স্বাস্থ্য সেবা কেন্দ্র থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কর্মকর্তা ও কর্মচারীরা প্রাথমিক চিকিৎসা নিতে পারবেন।

-B